গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোনা
রাজস্ব (এসএ) শাখা
www.netrokona.gov.bd

স্মারক নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৪-২৭০

তারিখ: ১৪ মাঘ ১৪৩০। / ২৮ জানুয়ারি ২০২৪।

## বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-এর তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও ২০২৩ (সর্বশেষ সংশোধনীসহ) এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর আলোকে নেত্রকোণা জেলার নিম্নবর্ণিত বালুমহালগুলো ১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। তালিকাভুক্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইজারা বিজ্ঞপ্তি এবং শর্তাবলী জেলা প্রশাসনের (www.netrokona.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

### নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র কার্যক্রম গ্রহণ করা হবে

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৪ ফেব্রুয়ারি ২০২৪<br>০১ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ১৫ ফেব্রুয়ারি ২০২৪<br>০২ ফাল্গুন ১৪৩০<br>সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৫ ফেব্রুয়ারি ২০২৪<br>০২ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৩.০০ ঘটিকায় |
| ২য় | ২৮ ফেব্রুয়ারি ২০২৪<br>১৫ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৯ ফেব্রুয়ারি ২০২৪<br>১৬ ফাল্গুন ১৪৩০<br>সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৯ ফেব্রুয়ারি ২০২৪<br>১৬ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৩.০০ ঘটিকায় |
| ৩য় | ০৬ মার্চ ২০২৪<br>২২ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ০৭ মার্চ ২০২৪<br>২৩ ফাল্গুন ১৪৩০<br>সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৭ মার্চ ২০২৪<br>২৩ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৩.০০ ঘটিকায় |

### বালুমহালের তালিকা

| ক্রম | উপজেলা | বালুমহালের নাম ও আয়তন (একরে) | আয়তন (একরে) | কাঙ্ক্ষিত ইজারা মূল্য (টাকা) | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দুর্গাপুর | ১। বিজয়পুর ও ভবানীপুর হতে শ্মশান ঘাট পর্যন্ত ১ নম্বর বালুমহাল | ৮৩৫.৯৬ | ৫১,৯৯,৪২,৮৬৭/- | ৪,০০০.০০ | কোনো বালুমহালের বিষয়ে কোনো মামলায় কোনো নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা বিষয়ে মহামান্য আদালতের ভিন্ন কোনো সিদ্ধান্ত থাকলে আদালতের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করতে হবে। |
| | | ২। দূর্গাপুর শ্মশান ঘাট হতে চৈতাটী পর্যন্ত ২ নম্বর বালুমহাল | ৪৫৪.৩৯ | ৯,১১,৯৭,৩৩৪/- | ৪,০০০.০০ | |
| | | ৩। দূর্গাপুর বিরিশিরি ঘাট হতে কেরনখলা পর্যন্ত ৩ নম্বর বালুমহাল | ৩৪১.০৬ | ১,৩৪,২২,০১৭/- | ২,০০০.০০ | |
| | | ৪। গাঁওকান্দিয়া মৌজার উত্তর সীমানা হতে দক্ষিণ প্রান্ত পর্যন্ত ৪ নম্বর বালুমহাল | ১৪৩.৭১ | ৫৯,২১,৬৬৭/- | ২,০০০.০০ | |
| | | ৫। ঝাঞ্জাইল হতে উত্তর শংকরপুর পর্যন্ত ৫ নম্বর বালুমহাল | ১৩৯.২২ | ১,৬৮,৩০,৭৩৪/- | ২,০০০.০০ | |
| ০২ | কলমাকান্দা | ৬। ওমরগাঁও, হাসানোয়াগাঁও এবং বিশাউতি পর্যন্ত ৬ নম্বর বালুমহাল | ৩৫.১৫ | ২,৩৪,৭০,৩৩৪/- | ৪,০০০.০০ | |
| ০৩ | নেত্রকোণা সদর | ৭। গোমাই নদী (০৭ নম্বর) বালুমহাল | ১৪.৫৮ | ৬,৬০,০০০/- | ১,০০০.০০ | |

**শর্তাবলী**

১. নতুন তালিকাভুক্ত/১৪৩১ বাংলা সন পর্যন্ত নবায়নকৃত ঠিকাদার ব্যতীত কেহ বালুমহাল দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখে অফিস চলাকালীন বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ময়মনসিংহ-এর কার্যালয়, জেলা প্রশাসক, নেত্রকোণা-এর কার্যালয়ের এসএ শাখা এবং উপজেলা নির্বাহী অফিসার-এর কার্যালয়, দুর্গাপুর/কলমাকান্দা/নেত্রকোণা সদর হতে দরপত্র সংগ্রহ করা যাবে।

২. বালুমহাল যেখানে যে অবস্থায় আছে, সেই অবস্থাতেই দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। দরপত্র দাখিলের পূর্বেই বালুমহালের অবস্থান, তফসিল ও পরিমাণ সম্পর্কে সরজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। ইজারা গ্রহণ ও পরবর্তী সময়ে বালুমহালের আয়তন/বালু উত্তোলন/বিপনন এবং পরিবহনের ক্ষেত্রে কোনো ওজর/আপত্তি গ্রহণ করা হবে না। বালু উত্তোলন/বিপনন এবং পরিবহনের ক্ষেত্রে সমস্যা পরিলক্ষিত হলে ইজারাদার নিজ দায়িত্বে সমাধান করবেন।

৩. তফসিল বর্ণিত এলাকা ব্যতীত কোনোভাবেই অন্যত্র হতে বালু উত্তোলন করা যাবে না।

৪. দরপত্র ক্রয়/দাখিলের তারিখে সরকার কর্তৃক ছুটি ঘোষণা করা হলে পরবর্তী কার্যদিবস দরপত্র ক্রয়/দাখিলের তারিখ হিসাবে গণ্য করতে হবে।

৫. ১ম পর্যায়ে (আহ্বানের) দরপত্র গৃহীত না হলে পর্যায়ক্রমে ২য় ও ৩য় পর্যায়ে (আহ্বানের) কার্যক্রম চলমান থাকবে।

৬. দরপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযোজন করতে হবে।

৭. দরপত্র অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, উদ্ধৃত দরের ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে।

৮. ইজারা গ্রহীতা ইজারা সংক্রান্ত বিষয়ে অথবা ইজারার টাকা জমা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সাথে কোনো প্রকার প্রতারণা করলে অথবা কোনোরূপ শর্ত ভঙ্গ করলে তার দরপত্র বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৯. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে কোনো নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

১০. বালুমহাল ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

১১. দরপত্র দাখিলের তারিখে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করা যাবে।

১২. বালুমহাল ইজারার মেয়াদ চলাকালীন আদালতের স্থিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবৎ এর কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কোনো ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১৩. দরদাতাগণ কর্তৃক জামানত হিসেবে তাদের উদ্ধৃত দরের ২৫% ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। **বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০-এর ধারা ১৪ অনুযায়ী** '(১) ইজারা গ্রহীতা ইজারামূল্য যথাসময়ে সরকারের নির্দিষ্ট খাতে জমা প্রদান না করিলে, অথবা ইজারা চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করিলে, জেলা প্রশাসক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট ইজারা চুক্তি বাতিল করিতে পারিবেন। (২) উপ-ধারা (১) এর অধীন কোন ইজারা চুক্তি বাতিল হইলে সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে' এই মর্মে নির্দেশনা থাকায় **বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র গৃহীত হলে** প্রদত্ত ২৫% জামানত ইজারার মেয়াদকালে এ কার্যালয়ে সংরক্ষিত থাকবে।

১৪. নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দরপত্র খোলা হবে।

১৫. বালুমহালের ইজারা কার্যক্রম গ্রহণ, চুক্তিপত্র সম্পাদন বা দখল হস্তান্তর বা অন্য কোনো কারণে ১৪৩১ বঙ্গাব্দের কোনো সময় অতিক্রান্ত হলে তার জন্য ইজারা মূল্য সমন্বয় বা মেয়াদ বর্ধিত করার জন্য পরবর্তীতে কোনো আবেদন/অভিযোগ করা হবে না।

১৬. দরপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালনসহ বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও ২০২৩ (সর্বশেষ সংশোধনীসহ) এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধি-বিধান এবং ইজারাদারের সাথে সম্পাদিত চুক্তির শর্ত যথাযথভাবে অনুসরণ করে বালু উত্তোলন করতে হবে। এর কোনো ব্যত্যয় ঘটলে ইজারা বাতিলসহ ইজারাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. দাখিলকৃত সিলমোহরকৃত খামের উপর বালুমহালের নাম ও দরদাতার নামসহ পূর্ণ ঠিকানা উল্লেখ করতে হবে। কোনো অস্পষ্ট, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, কাটাকাটি/ফ্লুইড ব্যবহার ইত্যাদি করা হলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৮. বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও ২০২৩ (সর্বশেষ সংশোধনীসহ) এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধি-বিধান এবং টেন্ডার প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিধি মোতাবেক ইজারা প্রক্রিয়ার সকল কার্যক্রম কার্যকর হবে।

১৯. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/স্থগিত/গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(শাহেদ পারভেজ)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।

স্মারক নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৪- ২৭০

তারিখ: ১১ মাঘ ১৪৩০।
২৫ জানুয়ারি ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জনাব ........................................ মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ..........., নেত্রকোণা-............. ও উপদেষ্টা, জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।
২. সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
১০. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা।
১১. পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
১২. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
১৩. পুলিশ সুপার, নেত্রকোণা।
১৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা।
১৫. মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা।
১৬. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/গণপূর্ত অধিদপ্তর, নেত্রকোণা।
১৭. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর/কলমাকান্দা/নেত্রকোণা সদর, নেত্রকোণা। তাঁকে বিজ্ঞপ্তিটি প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১৮. সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা সদর, নেত্রকোণা। তাঁকে বিজ্ঞপ্তিটি প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১৯. সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নেত্রকোণা।
২০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২১. সম্পাদক, ...................................................পত্রিকা, ...................................................। বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (ভিতরের পাতায় স্বল্প পরিসরে ১১ ফন্টে আগামী ................. ২০২৪ তারিখ ০১(এক) দিন একবার প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
২২. ........................................................................................................................।

জেলা প্রশাসক
নেত্রকোণা।